



তারিখ: ০৮.০৭.২০২৪

একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে সিলেট সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য www.xiclassadmission.gov.bd এর মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নলিখিত সময়সূচি ও প্রক্রিয়া অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ধাপসমূহ

- ১ম ধাপ: সোনালী সেবার মাধ্যমে ফি জমাদান
- ২য় ধাপ: কলেজ ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণ (২টি ধাপে)
- ৩য় ধাপ: প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি ফরম কলেজে জমাদান:

১. ১ম ধাপ: ফি জমাদান প্রক্রিয়া:

"Sonali eSheba" মোবাইল অ্যাপের "HSC Fees" মেন্যু থেকে "Admission Fee" সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070/> লিংকে প্রবেশ করে "HSC Fees" মেন্যু থেকে "Admission Fee" সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে। ফি পরিশোধের জন্য শিক্ষার্থীকে তার এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে।

ভর্তি ফি:

গ্রুপ	ছাত্রদের ফি'স	ছাত্রীদের ফি'স
বিজ্ঞান	৩০১৯/-	২৭৭৯/-
ব্যবসায় শিক্ষা	২৮৯৯/-	২৬৫৯/-
মানবিক	২৮৯৯/-	২৬৫৯/-

২. ২য় ধাপ: কলেজ ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণ:

সিলেট সরকারি কলেজের ওয়েবসাইটে (www.sylgovcollege.edu.bd) Admission মেন্যু থেকে HSC Admission 2024 তে ক্লিক করতে হবে। ঐ পেইজে উল্লিখিত সকল নির্দেশনা সঠিকভাবে পড়ে ভর্তি ফরম পূরণ করতে হবে। পূরণকৃত ফরম ডাইনলোড করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩য় ধাপে উল্লিখিত তারিখ অনুযায়ী কলেজে জমা দিতে হবে।

৩. ৩য় ধাপ: প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি ফরম জমাদান:

গ্রুপ	জমাদানের স্থান	তারিখ ও সময়
বিজ্ঞান	কক্ষ নং-২২০ (২য় তলা)	১৬.০৭.২০২৪ ও ১৮.০৭.২০২৪ দুপুর ০১:৩০ টা- বিকাল ৪:৩০ টা
মানবিক	কক্ষ নং-২২০ (২য় তলা)	২১.০৭.২০২৪ ও ২২.০৭.২০২৪ দুপুর ০১:৩০ টা- বিকাল ৪:৩০ টা
ব্যবসায় শিক্ষা	কক্ষ নং-২২০ (২য় তলা)	২৩.০৭.২০২৪ ও ২৪.০৭.২০২৪ দুপুর ০১:৩০ টা- বিকাল ৪:৩০ টা
সকল গ্রুপ	কক্ষ নং-২২০ (২য় তলা)	২৫.০৭.২০২৪ দুপুর ০১:৩০ টা- বিকাল ৪:৩০ টা

****ভর্তির সময় শিক্ষার্থীদের ভর্তি ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় ভর্তি হতে পারবে না।**

ক. সিলেট সরকারি কলেজের ওয়েবসাইটে অনলাইনে পূরণকৃত ভর্তির আবেদনপত্রের প্রিন্ট কপি- (বিষয় উল্লেখসহ)।

খ. এসএসসি/ সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র এবং ০২ সেট ফটোকপি।

গ. শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০৪ কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ কপি সদ্য তোলা ফটো।

ঘ. পেমেন্ট স্লিপ ০১ কপি।

❖ **মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীর জন্য:**

মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত শিক্ষার্থীকে উপরোল্লিখিত কাগজপত্রের সাথে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান সনাক্তকরণের জন্য-

১. মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূলসনদ প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি-০১ কপি

২. সংশ্লিষ্ট এলাকার "মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল" কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (মূলকপি), প্রযোজ্যক্ষেত্রে ওয়ারিশ সার্টিফিকেট (মূলকপি জমাদিতে হবে)

❖ **শিক্ষা কোটায় মনোনীত শিক্ষার্থীর জন্য:**

শিক্ষা কোটায় মনোনীত শিক্ষার্থীকে তার পিতা/মাতার কর্মস্থলের কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

বি.দ্র: ১. সকল কাগজপত্র একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে


২. খামের উপরে শিক্ষার্থীর নাম, শাখা, কলেজ রোল ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।


৩. শিক্ষার্থীকে মূল ট্রান্সক্রিপ্ট এর একাধিক ফটোকপি ভবিষ্যতের প্রয়োজনে নিজের কাছে সংরক্ষণের জন্য পরামর্শ দেয়া হলো।

একাদশ শ্রেণিতে গ্রুপ ভিত্তিক বিষয়সমূহ:

গ্রুপ	আবশ্যিক বিষয়সমূহ	নৈর্বাচনিক বিষয়সমূহ (৩টি)	ঐচ্ছিক বিষয় (১টি)
বিজ্ঞান	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৩ বিষয়)	i. পদার্থবিজ্ঞান ও রসায়ন এবং ii. জীববিজ্ঞান ও উচ্চতর গণিত এর মধ্য থেকে যে কোনো ১টি বিষয়	জীববিজ্ঞান ও উচ্চতর গণিত এর মধ্য হতে যে কোন ১ টি
মানবিক		অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ভূগোল, ইসলামের ইতিহাস/ ইতিহাস, এর মধ্য হতে যে কোন ৩ টি	যুক্তিবিদ্যা, ভূগোল, ইসলামের ইতিহাস/ইতিহাস, ইসলাম শিক্ষা এর মধ্য হতে যে কোন ১ টি
ব্যবসায় শিক্ষা		হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা	অর্থনীতি

ভর্তিচ্ছু শিক্ষার্থী, শিক্ষার্থীর অভিভাবক, আইনানুগ প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাক্ষরবিধি মেনে ভর্তি কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(প্রফেসর এ জেড এম মাস্টনুল হোসেন)
আইডি নং-৩০৪৮
অধ্যক্ষ
সিলেট সরকারি কলেজ, সিলেট


(প্রফেসর নাছিমা হক খান)
আহবায়ক
একাদশ ভর্তি কমিটি-২০২৪-২০২৫
সিলেট সরকারি কলেজ, সিলেট